ঝিনাইদহে গাছের চারা রোপন ও বিতরণ

পরিবেশের ভারসাম্য রক্ষায় ঝিনাইদহে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণ ও বিতরণ করা হয়েছে।

বুধবার (২৩ জুলাই) সকালে শহরের জাবেদা খাতুন একাডেমিতে এ কার্যক্রমের উব্দোধন করা হয়। অনুষ্ঠানের প্রধান জেলা শিক্ষা অফিসার আনন্দ কিশোর শাহা এ কার্যক্রমের উদ্বোধন করেন।

সেসময় জেলা তথ্য অফিসার আব্দুর রউফ, সহকারী জেলা শিক্ষা অফিসার আমজাদ হোসেন, জাবেদা খাতুন একাডেমির প্রধান শিক্ষক সরিফুজ্জামানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বিদ্যালয় প্রাঙ্গণে গাছের চারা রোপণ করার পর বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়।

ট্রেনে কাটা পড়ে কালীগঞ্জে এক মানসিক ভারসাম্যহীন নারী নিহত

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বাবরা এলাকায় ট্রেনে কাটা পড়ে আঞ্জুয়ারা খাতুন আনচি (৫৫) নামে এক নারী নিহত হয়েছেন। স্থানীয় ও নিহতের স্বজনরা জানিয়েছে, আঞ্জুয়ারা খাতুন মানসিক ভারসাম্যহীন ছিলেন।

গতকাল মঙ্গলবার দিবাগত রাত ১ টার দিকে এ ঘটনা ঘটে। নিহত আঞ্জুয়ারা খাতুন উপজেলার ঈশ্বরবা গ্রামের কোরবান আলীর মেয়ে।

মোবরকগঞ্জ রেল স্টেশনের সহকারী স্টেশন মাস্টার তৌহিদুর রহমান বলেন, আঞ্জুয়ারা খাতুন মানসিক প্রতিবন্ধী ছিলেন। তিনি গত রাতেও স্টেশন এলাকায় ঘোরাঘুরি করছিলেন। রাতে খুলনা থেকে ছেড়ে আসা

চিলাহাটিগামী সীমান্ত এক্সপ্রেস ৭৪৭ নম্বর ট্রেনে কাটা পড়েন। পরে যশোর থেকে জিআরপি পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বুধবার সকাল ১০ টার দিকে মরদেহ উদ্ধার করে।

যশোর রেলওয়ে পুলিশের ইনচার্জ এসআই মিজানুর রহমান বলেন, পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ট্রেনে কাটা পড়ে নিহত নারীর মরদেহ উদ্ধার করেছে। মরদেহ যশোর জেনারেল হাসপাতাল মর্গে ময়নাতদন্তের জন্য রাখা হয়েছে। ময়নাতদন্ত শেষে পরিবারের লোকজনের কাছে হস্তান্তর করা হবে।

সড়কে গাছ ফেলে কোটচাঁদপুরে ছিনতাইয়ের অভিযোগ

সড়কে গাছ ফেলে কোটচাঁদপুরে ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। গতকালসোমবার রাতে উপজেলার রামচন্দ্রপুর-লক্ষীকুণ্ড গ্রামের সড়কে এ ছিনতাই হয়।

ভুক্তভোগী মেহের মালিতা বলেন, আমার ছেলের ছেলে মিনহাজ (৩) কে নিয়ে যশোর গিয়েছিলাম ডাক্তার দেখাতে। এ সময় আমার সঙ্গে ছিল ছেলের বউ তামান্না খাতুন, বেয়াই ফারুক হোসেন। আর আমাদেরকে এগিয়ে নিতে কোটচাঁদপুর গিয়েছিল আমার ভাই মোগরব মালিতা, ভায়েরা মিঠু মালিতা, ভ্যানচালক রেজাউল ইসলাম ও হাসান আলী। এ ছাড়া ছিলেন আমাদের গ্রামের হায়দার মিস্ত্রি।

তিনি আরও বলেন, তখন রাত ১১টা ৫০ মিনিট। কোটচাঁদপুর থেকে আমরা রওনা দিই। পথিমধ্যে রামচন্দ্রপুর-লক্ষীকুণ্ড গ্রামের সড়কের চামতলা মাঠে পৌঁছালে সড়কের উপর গাছ পড়ে থাকতে দেখি। এ সময় গাড়ির গতি রোধ করতেই বাগানের মধ্য থেকে ৫/৬ জন দা হাতে বেরিয়ে আসে। এরপর বউমা আর নাতি ছেলেকে ছাড়া আমাদের সবাইকে বেঁধে রেখে নগদ ১৫ হাজার টাকা, দুটি কানের দুল ছিনিয়ে নেয়।

পরে অপেক্ষা করে পথচারী আসার। কিছুক্ষণ পরে বলরামপুরের সেলিম রেজা ও সুমন নামের দুই ব্যক্তি ঘটনাস্থলে আসেন। তাদের কাছ থেকেও

টাকা ছিনিয়ে নিয়ে আমাদের সবাইকে ছেড়ে দেয়।

তিনি বলেন, বিষয়টি নিয়ে আমরা ভয়ে থানায় কোনো অভিযোগ করিনি। তবে জানতে পেরেছি ঘটনাটি নিয়ে সেলিম রেজা থানায় অভিযোগ করেছেন।

সেলিম রেজা বলেন, ওই সময় ব্যবসার কাজ শেষ করে মোটরসাইকেলযোগে কোটচাঁদপুর শহর থেকে বাড়ি ফিরছিলাম। পথিমধ্যে আমাকে আটকে রেখে নগদ ৫০ হাজার ৩শ’ টাকা ছিনিয়ে নেয়। এ বিষয়ে আমি থানায় অভিযোগ করেছি।

এ ব্যাপারে সাবদারপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) রফিকুল ইসলাম বলেন, ঘটনার বিষয়ে আমার জানা নেই। আর ওই এলাকা আমার দায়িত্বভুক্ত নয়। আমি গেল রাতে কুশকুড়ি মাঠে ডিউটিতে ছিলাম।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, ঘটনাটি আমি জেনেছি। এ ঘটনায় সেলিম নামের একজন থানায় অভিযোগ করেছেন। বিষয়টি তদন্তাধীন রয়েছে। তদন্তের পর ব্যবস্থা নেওয়া হবে।

তিনি আরও বলেন, এটি কোনো ছিনতাই বা ডাকাতির ঘটনা নয়, একে দস্যুতা বলা যায়। আর এর আগে যে ঘটনা ঘটেছিল, সে ব্যাপারে কেউ কোনো অভিযোগ করেনি।

ঝিনাইদহে পাওনা আদায়ের জন্য আটকে রাখা চাতাল শ্রমিকের মৃত্যু

ঝিনাইদহে পাওনা টাকা আদায়ের জন্য নেছার আলী (৫৫) নামে আটকে রাখা এক চাতাল শ্রমিকের মৃত্যুর অভিযোগ পাওয়া গেছে। নিহত নেছার আলী যশোরের চৌগাছা উপজেলার কান্দি গ্রামের মৃত সোনা মন্ডলের ছেলে।

মঙ্গলবার (২২ জুলাই) সকালে ঝিনাইদহের ত্রিমোহনী বাজারে শরিফুলের চাতালে এই মৃত্যুর ঘটনা ঘটে। নিহতের স্বজন ও স্থানীয় সূত্রে জানা

যায়, চাতাল শ্রমিক নেছার আলী ও তার দ্বিতীয় স্ত্রী দীর্ঘদিন শরিফুলের চাতালে কাজ করতো সেই সুবাদে নেছার আলী শরিফুলের নিকট থেকে ১ লাখ ৫০হাজার ধার নেই কিন্তু দীর্ঘদিন সেই টাকা পরিশোধ না করে এখান থেকে কাজ ছেড়ে চলে যায়। বেশ কিছুদিন খোজাখুজির পর গত ২১ জুলাই সোমাবার সকাল ১০টার দিকে কোটচাঁদপুরের তালেরসর বাজার থেকে নেছার এবং তার স্ত্রীকে ধরে নিয়ে আসে শরিফুল। ধরে আনার পর তাদের কে টাকা পরিশোধের জন্য চাপ দিতে থাকে এবং সেসময় মারাধর করার অভিযোগ পাওয়া গেছে।

পরে রাতে তাদের কে শরিফুলের ওই চাতালের বদ্ধ ঘরে আটকে রাখে। সকালে স্ত্রীকে অন্য জায়গায় রেখে নেছারের উপরে টাকা আদায়ের জন্য নির্যাতন করা হয় বলে তার স্ত্রী দাবি করেণ। কিছুক্ষন পরে নেছার অচেতন হয়ে পড়লে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক জানায় এই রোগী হাসাপাতালে আনার আগেই মারা গেছে। নেছারের স্ত্রী এবং স্বজনদের দাবি নেছার আলী অতিরিক্ত মারধরের ফলে মারা গেছে।

এদিকে মিল মালিক শরিফুলের পক্ষ থেকে জানান, নেছার টাকা দিতে ব্যর্থ হওয়ায় ভয়ে আত্মহত্যা করেছে। আমারা তাকে কোন মারধর করেনি। দীর্ঘদিন টাকা নিয়ে পরিশোধ করেনা এজন্য আমরা তাকে ধরে এনেছিলাম টাকা আদায়ের জন্য। তবে কোন নির্যাতন করেনি। ভোক্তভোগী নেছারের বোন এবং স্বজনরা, নেছার গরিব মানুষ বলে ঘটনাটি ধামাচাপা না দিয়ে শুষ্ঠু তদন্ত করে দোষিদের প্রকৃত বিচারের দাবি জানান।

ঝিনাইদহে প্রবাসীর জমি জোরপূর্বক দখলের অভিযোগ

ঝিনাইদহ সদর উপজেলার ডাকবাংলা বাজারে এক সৌদি প্রবাসীর জমি জোরপূর্ব দখল করে প্রাচির নির্মাণ করার অভিযোগ উঠেছে। গত ১৯ জুলাই সৌদি প্রবাশী হায়দার আলীর জমির প্রাচীর আতিকুর রহমান ও তোতা মিয়া জোর পূর্বক ভেঙ্গে দখল করে নেয়। এঘটনায় হায়দার আলী প্রবাশে থাকায় তার স্ত্রী লাবনী খাতুন (মিতা) থানায় লিখিত

অভিযোগ করেন।

অভিযোগের সূত্র ধরে জানাযায়, বৈডাঙ্গা গ্রামের প্রবাসী মোঃ হায়দার আলী , পিতা মৃত হযরত আলী দীর্ঘদিন সৌদিতে থাকেন। তিনি গত ৪বছর আগে ৩১ নম্বর সাধুহাটি মৌজার ২৩৪৮ খতিয়ানের ৪৬৩৫নং দাগের ১৪ শতক জমির মধ্য হতে ৭ শতক জমি ক্রয় করে মালিকের নিকট থেকে বুঝিয়া নেয় এবং সীমানা নির্ধরণ করে ইটের প্রাচীর দেয়।

হায়দার আলী কয়েক মাস দেশে থাকার পর গত ১৮ তারিখে আবার সৌদে ফেরত গেলে ১৯ তারিখে পার্শবর্তী জামির মালিক মশিয়ারের ভাই আতিকুল এবং তোতা মিয়া সন্ত্রাসী ভাড়া করে এনে উক্ত প্রাচীর ভেঙ্গে দিয়ে সামনের ১১ফিট জমি দখল করে পূনরায় নতুন প্রাচীর নির্মাণ কাজ শুরু করে।

এ অবস্থায় হায়দার আলীর স্ত্রী মোছাঃ লাবনী খাতুন মিতা গত ১৯ জুলাই ঝিনাইদহ সদর থানায় আতিকুর, তোতামিয়া এবং দুলাল এর নাম উল্লেখ করে থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। লিখিত অভিযোগে তিনি জানান, তার স্বামী মোঃ হায়দার আলী ৩১ নম্বর সাধুহাটি মৌজার ২৩৪৮ খতিয়ানের ৪৬৩৫ নং দাগের ১৪ শতক জমির মধ্য ক্রয়সূত্রে মালিক নিপা খাতুনের নিকট থেকে ৭ শতক জমি ক্রয় করে।

সেই মোতাবেক উক্ত জমি দীর্ঘদিন ভোগ দখল করে আসতেছি। জমিটি ডাকবাংলা ত্রিমোহনী বাজারের সংলগ্ন ইসলামিক ব্যাংক, ডাকবাংলা শাখার দক্ষিণ পাশে বাগাট মিষ্টান্ন ভান্ডার সংলগ্ন। এই জমি নিয়ে একটি মামলা ছিল যার নাম্বার ২২০/২৫ যাহা আদালতের রায়ে তার স্বামীর অনুকূলে হয়েছে বলে দাবি করেন।

ইতিমধ্যে তার প্রবাসী স্বামী বেশকিছুদিন দেশে থাকার পর আবার ১৮জুলাই প্রবাসে ফিরে গেলে ১৯ জুলাই আনুমানিক সকাল ৭টার দিকে ১০-১৫ জন শ্রমিক তার স্বামীর দখলকৃত জায়াগার চারিদিকে ইট দিয়া প্রাচীর ভেঙে ফেলে। লাবনী জানান এই ঘটনার প্রেক্ষিতে লোক মারফত খবর পেয়ে আমি উক্ত স্থানে গেলে আমাকেও বিভিন্ন ভাবে অকথ্য ভাষায় গালিগালাজ করে। বাধ্য হয়ে আমি ঝিনাইদহ সদর থানায় অভিযোগ দায়ের করি।

উক্ত ঘটনার অভিযোগের প্রেক্ষিতে রবিবার সকাল দশটার সময় ঘটনা স্থলে সাংবাদিক গেলে সেখানে সরেজমিনে দেখা যায় যে, মিস্ত্রিরা নতুন দেওয়াল তৈরি করছেন এবং পুরানো দেয়াল ভেঙ্গে সম্পূর্ণ মাটিতে মিশিয়ে দিয়েছে। এই ঘটনা নিয়ে বাঁদ পুকুরিয়া গ্রামের তোতা

মিয়ার সাথে কথা বললে তিনি বলেন, যে এই জমিতে ১৪৪ ধারা মামলার রায়ে বলা হয়েছে যে দখল সত্ব অবস্থানে থাকার। ১৪ শতক জমির আমরা ৭ শতকে কাজ করছি বাকি হায়দার আলীর রয়েছে ৭শতক। আমরা কারো জমি জোর করে দখল করে নাই। তবে ওখানকার উপস্থিত কেউ ক্যামেরার সামনে কথা বলতে রাজি হয়নি।

এবিষয়ে হায়দারের স্ত্রী লাবনী খাতুন বলেন জমির দলীল মোতাবেক আমরা যে অংশ পাব সেটা না দিয়ে মশিয়ার তার ভাই সন্ত্রাসী অতিকুর ও তোতা মিয়া জোর করে আমাদের প্রাচীর ভেঙ্গে ১১ফিট দখল করে নিয়েছে।

উক্ত ঘটনা তদন্ত কর্মকর্তা ডাকবাংলা ক্যাম্পের এসআই লিটন রাকিবের সাথে কথা বললে তিনি বলেন এই ঘটনা নিয়ে যেহেতু আদালতে মামলা আছে সেহেতু আদালত এই ঘটনা নিষ্পত্তি করবে। তবে তারা যে দেওয়াল ভেঙে ফেলেছে সেই ব্যাপারে তাৎক্ষণিক সেখানে গিয়ে দেওয়াল ভাঙ্গা বন্ধ করা হয়েছে।

এই অভিযোগ প্রসঙ্গে ঝিনাইদহ সদর থানার অফিসার্স ইনচার্জ আব্দুল্লাহ আল মামুন সত্যতা স্বীকার করে বলেন, লিখিত অভিযোগ পাওয়ার পরে আমি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডাকবাংলা ক্যাম্পের এস.আই লিটনের উপর দায়িত্ব অর্পণ করেছি।

কোটচাঁদপুরে পারফরমেন্স বেইজড ফর সেকেন্ডারি ইনস্টিটিউশনস স্কিম অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে পারফরমেন্স বেইজড ফর সেকেন্ডারি ইনস্টিটিউশনস স্কিম (PBSSI) এর আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে এক পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০টায় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা মাধ্যমিক

শিক্ষা অফিসের ব্যবস্থাপনায় এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কাজী আনিসুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি খন্দকার মোশাররফ হোসেন কলেজের অধ্যাপক ড. শেখ মো. আমানুল্লাহ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা শিক্ষা অফিসার লুৎফর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক কুমার সরকার, কোটচাঁদপুর পৌর ডিগ্রি কলেজ ও কামিল মাদ্রাসার সভাপতি অধ্যাপক মতিয়ার রহমান, কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, মডেল বালিকা বিদ্যালয়ের সভাপতি ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, কোটচাঁদপুর কামিল মাদ্রাসার অধ্যক্ষ বাহারুল ইসলাম, সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজ উদ্দিন, কোটচাঁদপুর পৌর কলেজের অধ্যক্ষ হুমায়ুন কবির, জালালপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা আক্তার জাহান এবং সাফদারপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিন উদ্দিন।

উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসা থেকে ভালো ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়। তাদের হাতে সনদপত্র ও ক্রেস্ট তুলে দেওয়া হয়।
অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা সুপারভাইজার ফারুক হোসেন।

গরীব অসহায় প্রতিবন্ধীর জীবন বাঁচাতে সাহায্যের আবেদন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার নারায়নকান্দি গ্রামের হতদরিদ্র দিনমজুর খেটে খাওয়া রোজদার আলী মন্ডল, পিতা মৃত বদর আলী মন্ডল।

বাক প্রতিবন্ধী সন্তানের জীবন বাঁচাতে বিত্তশালীদের নিকট সাহয্যের আবেদন করেছেন অসহায় পিতা। হতদরিদ্র পিতা রমজান আলীর উপরে প্রতিবন্ধী জব্বারুলসহ নির্ভরশীল পরিবারের ৭ সদস্য।

প্রতিবন্ধী জব্বারুল দীর্ঘদিন যাবত বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে শয্যাগত। টাকার অভাবে বাইরে নিয়ে চিকিৎসা করানোর ক্ষমতা না থাকলেও স্থানীয়ভাবে বিভিন্ন চিকিৎসা করানো হয় জব্বারুলকে তাতে তিনি সুস্থ হয় নাই।

এমতাবস্থায় , স্থানীয়দের সহযোগীতায় হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের ভর্তি করাতে গেলে , কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যেতে বলে।

উপায়ান্তর না পেয়ে কুষ্টিয়া হাসাপাতালে তাকে ভর্তি করানো হয় , সেখানে স্বাস্থ্য পরীক্ষার পর জব্বারুলের ডায়াবেটিস , গ্যাষ্টিক , আলসার ও পাকস্থলীতে ছিদ্র ধরা পড়ে। যার কারণে পায়খানা এবং বমিতে রক্তক্ষরণ হয়।

তিনদিন চিকিৎসারপর জরুরীভাবে তাকে রাজশাহী মেডিক্যালে নিয়ে যেতে বলে। দীর্ঘ একমাস যাবত রাজশাহীতে চিকিৎসাধীন রয়েছে এই হতদরিদ্র রোজদার আলীর ছেলে প্রতিবন্ধী জব্বারুল। সামান্য উপার্জনে পরিবারের ৭ সদস্যের ব্যয়ভার বহন করে চিকিৎসা খরচ চালিয়ে যাওয়া মোটেও সম্ভব নই তার।

এমতাবস্থায় সুচিকিৎসার জন্য সমাজের বিভিন্ন শ্রেণীর বিত্তবান ও পেশাজীবী মানুষের নিকট প্রতিবন্ধী জোব্বারুলের পিতা সাহায্যের আবেদন জানিয়েছেন। যোগাযোগ এবং সাহায্য পাঠানোর নম্বর - (বিকাশ নাম্বার :০১৭৫০৩৮৯৪০৩, ০১৭১৯৫২৪৮৯২)।

ঝিনাইদহে হেফাজতে ইসলামের সংবাদ সম্মেলন

বাংলাদেশে জাতিসংঘ মানবাধিকার কমিশনের অফিস স্থাপন ও হেফাজতে ইসলামের প্রতিবাদ সমাবেশকে জঙ্গি নাটক সাজানোর প্রতিবাদে ঝিনাইদহে সংবাদ সম্মেলন করা হয়েছে।

রবিবার সকালে শহরের কফি হাউজ মিলনায়তনে এ সংবাদ সম্মেলনের আয়োজন

করে বাংলাদেশ হেফাজতে ইসলাম ঝিনাইদহ জেলা শাখা। এতে দলটির জেলা শাখার সভাপতি মুফতী আরিফ বিল্লাহ কাসেমী, সহ-সভাপতি মুফতি জাকারিয়া, মুফতী এজাজ, যুগ্ম সম্পাদক মুফতী যোবায়ের, অর্থ সম্পাদক মুফতি ইলিয়াচ, সহ-সাংগঠনিক সম্পাদক মাওলানা আশরাফসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলন থেকে অভিযোগ করা হয়, বাংলাদেশে জাতিসংঘ মানবাধিকার কমিশনের অফিস স্থাপন করার কারণে জাতীয় সার্বভৌমত্বে হস্তক্ষেপ আসতে পারে। দেশের অভ্যন্তরীণ নীতি বিদেশিদের ইশারায় নির্ধারণ হওয়ার আশংকাও রয়েছে।

হেফাজতে ইসলামের শান্তিপূর্ণ প্রতিবাদ সমাবেশকে পরিকল্পিতভাবে ‘জঙ্গি নাটক’ হিসেবে উপস্থাপন করার চেষ্টা চলছে উল্লেখ করে সংবাদ সম্মেলন থেকে দ্রুত সময়ের মধ্যে বাংলাদেশ থেকে জাতিসংঘ মানবাধিকার কমিশনের অফিস প্রত্যাহারের দাবি জানানো হয়।

ঝিনাইদহে কৃষকদলের বৃক্ষরোপণ কর্মসূচি

জুলাই গণঅভ্যুত্থানের শহীদদের স্মরণে ঝিনাইদহ জেলা কৃষকদলের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। রবিবার সকালে শহরের চক্ষু হাসপাতাল প্রাঙ্গণে এ কর্মসূচির উদ্বোধন করেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ।

এসময় জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা কৃষকদলের আহবায়ক ওসমান আলী, যুগ্ম আহ্বায়ক,শামসুর রহমান,যুগ্ম আহবায়ক, আব্দুর রশিদ মোহনসহ দলের অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সেসময় বক্তারা বলেন, “শহীদদের আদর্শকে বুকে ধারণ করে দেশের পরিবেশ রক্ষায় এবং সবুজ বাংলাদেশ গড়ে তুলতে কৃষকদল এ ধরনের কর্মসূচি অব্যাহত রাখবে।”

অনুষ্ঠান উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা শেষে চক্ষু হাসপাতাল চত্বরে বিভিন্ন ফলদ ও বনজ গাছের চারা রোপণ করা হয়।

খুলনা থেকে আসা ৬৬ টন পচাঁ গম ঝিনাইদহ সরকারী খাদ্য গুদামে সংরক্ষন

খুলনা সিএসডি খাদ্য গুদাম থেকে আসা ৬৬ টন পচাঁ গম ঝিনাইদহ সরকারী খাদ্য গুদামে গুদামজাত করা হয়েছে। শুক্রবার দিনব্যাপি এসব পচাঁ গম ৪টি ট্রাক থেকে আনলোডের মাধ্যমে গুদামে রাখা হয়।

জানা যায়, খুলনা সিএসডির চলতি দায়িত্বে থাকা সহকারী ব্যবস্থাপক পূর্নিমা মন্ডল স্বাক্ষরিত ১৬জুলাই ৪টি ভি-ইনভয়েসের মাধ্যমে এসব পচাঁ গম ঝিনাইদহ সদর উপজেলা খাদ্য গুদামে (সদর এলএসডি তে পাঠায়। বৃহস্পতিবার ভোরে ঝিনাইদহ সদর সরকারী খাদ্য গুদামের (সদর ওসিএলএসডি) গেটে ৪টি ট্রাকে ৬৬টন পঁচা গম নিয়ে প্রবেশ করে। প্রথম জেটি-১১-১৮২৪ নম্বর ট্রাকে ২৯৫ বস্তা যার নীট ওজন ১৬.৮৭০ টন, দ্বিতীয় জেটি-১১-১২৯৬ নম্বর ট্রাকে ২৯৬ বস্তা যার নীট ওজন ১৬.৭৭৯ টন,তৃতীয় ডিএমটি-২৪-৩৭৭৯ নস্বর ট্রাকে ২৮৮ বস্তা যার নীট ওজন ১৬.৫৯০টন, চতুর্থ আরজেএমটি-১১-০৩৮১ ট্রাক নম্বরে ৩০০ বস্তা যার নীট ওজন ১৬.৬৮৬টন। প্রতিটি ভি-ইনভয়েসে লেখা ছিলো পন্যের নাম লাল গম এবং গুনগত মান ডিএসডি-থ্রি। প্রতিটি ভি-ইনভয়েসে খুলনা সিএসডির তল্লাসি ফাঁড়ির ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ছিলো। কিন্তু গমের ভি-ইনভয়েস দেখে উপজেলা খাদ্য পরিদর্শক জাহাঙ্গীর হোসেন মালের মান বুঝে নিতে গিয়ে দেখেন তা অত্যন্ত নিম্নমানের পচাঁ গম। তখন ট্রাক গুলা আনলোড না করে ফেরত পাঠানোর চেষ্টা করে। অফিসের মাধ্যমে খবর পেয়ে খুলনার বিভাগীয় খাদ্য নিয়ন্ত্রকের কার্যলয় থেকে একটি পরিদর্শক টিম এসে এই নিম্ন মানের পচাঁ গম ঝিনাইদহ খাদ্য গুদামে রাখার চাপ দিলে ঝিনাইদহ সদরের খাদ্য পরিদর্শক ও ভারপ্রাপ্ত গুদাম রক্ষক কর্মকর্তা জাহাঙ্গীর হোসেন তা গুদামজাত

করতে বাধ্য হন। এই নিম্ন মানের ৬৬ টন গম ফেরত না দিলে ঝিনাইদহের উপকার ভোগী ভোক্তা বা গ্রাহকগণ চরম ভাবে ক্ষতিগ্রস্থ হবে এবং আগামীতে আরো দুইশ টন গম আসার কথা সেটাও নিম্ন মানের মাল পাঠাবে বলে ধারণা করা যায়।

গাড়ীর চালক ও হেলপাররা জানায়, খুলনার বৈকালী থেকে গম লোড করার সময় তারা দেখতে পান গম পঁচা, নিন্মমানের ও ধুলায় পরিপুর্ন। যেগুলা আটা করে খাওয়ার অনুপোযী। সাধারণ মানুষকে এগুলা খাওয়ালে তার রোগাক্রান্ত হয়ে মারা যাবে। যেহেতু আমরা পরিবহনের দায়িত্বে তাই কিছু বলতে পারিনি। আমার জেলা গুদামে আসারপর আপনাদেরকে জানাতে পারলাম।

এদিকে দুইদন ট্রাক আটকিয়ে রাখায় তখন ট্রাকের চালক এবং ট্রাক মালিকদের সাথে খাদ্য পরিদর্শক জাহাঙ্গীর হোসেন বাক-বিতন্ডায় জড়িয়ে পড়ে। শুক্রবার পর্যন্ত দুদিন ট্রাক আটকিয়ে রাখার দায়ে হরিণাকুণ্ডুু ট্রাক মালিক সমিতির সভাপতি মোস্তাফিজুর রহমান লিটন তার ট্রাকের ক্ষতিপূরণ দাবি করলে উভয় পক্ষের মধ্যে বাক-বিতান্ডার সৃষ্টি হয়। তখন ঝিনাইদহ চেম্বার অফ কর্মাস এন্ড ইন্ডাট্রিজ এর সভাপতি ও জেলা চালকল মালিক সমিতির সভাপতি মোয়াজ্জেম হোসেন ঘটনাস্থলে পৌছে উভয় পক্ষের মধ্যস্ততায় ক্ষতিপূরণের বিষয়টি মিমাংশা করেণ এবং ট্রাক থেকে মাল আনলোড করে ট্রাকগুলো ছেড়েদেন।

এবিষয়ে সদর উপজেলা খাদ্য পরদর্শক জাহাঙ্গীর হোসেন বলেন নিম্ন মানের গম হওয়ায় আমি ট্রাক আটকিয়ে দিয়েছিলাম, ট্রাকগুলো ফেরত দেওয়ার চেষ্টা করছিলাম কিন্তু বিশেষ কারণে এই গম আমার রাখতে হয়েছে।

ঝিনাইদহ জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা (ভারপ্রাপ্ত) প্রিয় কমল চাকমা’র বলেন আমি ছুটিতে বাড়ী থাকায় বিষয়টি সম্পর্কে কিছু জানিনা। রবিবার এসে বিস্তারিত জানাতে পারবো।